# ব্রিকস সম্মেলনে না যাওয়াকে সার্বভৌমত্বের প্রকাশ বললেন রিজভী



রুহুল কবির রিজভী। ছবি: সংগৃহীত

ভারতে অনুষ্ঠিত ব্রিকস সম্মেলনে প্রধানমন্ত্রী তারেক রহমানের অংশ না নেওয়াকে বাংলাদেশের সার্বভৌমত্ব ও মর্যাদার প্রকাশ হিসেবে বর্ণনা করেছেন বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব রুহুল কবির রিজভী।

বুধবার (১৬ সেপ্টেম্বর) জাতীয় প্রেসক্লাবের সামনে জাতীয়তাবাদী মুক্তিযোদ্ধা দল ও মুক্তিযুদ্ধের প্রজন্ম আয়োজিত মানববন্ধনে তিনি এ কথা বলেন।

রিজভী বলেন, তারেক রহমানকে বাংলাদেশের প্রধানমন্ত্রী হিসেবে ব্রিকস সম্মেলনে আমন্ত্রণ জানানো হয়নি। স্বাধীন দেশের সরকারপ্রধান হিসেবে সেখানে গিয়ে সাইডলাইনে বসে থাকা গ্রহণযোগ্য নয় বলেও মন্তব্য করেন তিনি। তার দাবি, সম্মেলনে অংশ না নেওয়ার সিদ্ধান্তে দেশের মর্যাদা ও সার্বভৌম অবস্থান তুলে ধরা হয়েছে।

ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে উদ্দেশ করে রিজভী বলেন, ভারতেরই এক মুখ্যমন্ত্রী হাদি হত্যার সঙ্গে সংশ্লিষ্টতার অভিযোগ তুলেছেন। এরপরও বাংলাদেশকে ভারত স্বাধীন দেশ হিসেবে বিবেচনা করে কি না, সে প্রশ্ন তোলেন তিনি। তার অভিযোগ, প্রকাশ্যে বন্ধুত্বপূর্ণ বক্তব্য থাকলেও আড়ালে বাংলাদেশের বিরুদ্ধে নানা ধরনের তৎপরতা চলছে।

দেশের অভ্যন্তরীণ রাজনীতি প্রসঙ্গে রিজভী অভিযোগ করেন, একটি পক্ষ বাংলাদেশকে ১৯৭১ সালের আগের অবস্থানে ফিরিয়ে নেওয়ার চেষ্টা করছে। মধুর ক্যান্টিনকে অন্য কোনো নামে বা পরিচয়ে রূপান্তরের চেষ্টা মুক্তিযুদ্ধের ইতিহাস ও শহীদদের প্রতি অসম্মান হবে বলেও মন্তব্য করেন তিনি।

রিজভী আরও বলেন, দীর্ঘ সময়ের অরাজকতার পর দেশকে এগিয়ে নিতে সরকার কাজ করছে। তার বক্তব্য অনুযায়ী, বাকস্বাধীনতা, বিচার বিভাগের স্বাধীনতা ও গণতন্ত্র প্রতিষ্ঠার অঙ্গীকার নিয়ে প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বে সরকার কাজ করছে।